রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/০৫ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৭৫-আইন/২০১৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের (নন-ক্যাডার) কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



**মূল্য :** টাকা ১২.০০

(৭) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(৮) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি পালন সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, বা বাংলাদেশের ডমিসাইল না হন; বা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম পূরণপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে স্বীয় ঊর্ধ্বতন কর্মচারীর মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণি হইতে ২য় শ্রেণি এবং ২য় শ্রেণি হইতে ১ম শ্রেণি অথবা ৩য় শ্রেণি হইতে ১ম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ এবং পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **ক্রান্তিকালীন বিধান।**—কোন পদে বর্তমানে কর্মরত যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীর শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Gazetted Officers (Imports and Exports Control Organization) Recruitment Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর SCHEDULE এর Sl. No. 7 এবং উহার বিপরীতে কলাম 2 এ উল্লিখিত Executive Officer of Imports & Exports নামীয় পদসহ কলাম 3 এবং 4 এ উল্লিখিত এন্ট্রি রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত Sl. No. এর বিপরীতে কলামে 2 এ উল্লিখিত পদে নিয়োজিত কর্মকর্তা, যে শর্তাধীনে চাকরিতে নিয়োজিত আছেন উহার সহিত এই বিধিমালার বিধানাবলী সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, সেই একই শর্তে চাকরিতে নিয়োজিত থাকিবেন এবং উক্ত Rules এর SCHEDULE এর Sl. No. 6 এর বিপরীতে কলাম 2 এ উল্লিখিত পদে, কলাম 4 এর শর্তাবলী পূরণ সাপেক্ষে, পদোন্নতির মাধ্যমে পূরণের ক্ষেত্রে বিবেচনাযোগ্য হইবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত Sl. No এর ক্ষেত্রে অদ্যাবধি যে সকল কার্যক্রম নিষ্পন্ন  হইয়াছে তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইবে।

## তফসিল-১
## [বিধি ২(২) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | নির্বাহী কর্মকর্তা | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:**<br>(ক) ৫% পদ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ) ও সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদ হইতে;<br>(খ) ৪০% পদ উচ্চমান সহকারী পদ হইতে;<br>(গ) ৫% পদ সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদ হইতে।<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), সাঁটলিপিকার- কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী এবং সাঁটলিপিকার- কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:**<br>৬০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:**<br>৩০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে:**<br>৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক (উচ্চতর স্কেল) পদে ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে–<br>(১) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>(২) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | গাড়ী চালক | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৮। | অফিস সহায়ক (উচ্চতর স্কেল) | | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | | |
| ১। | বাংলা | ৩০ | | |
| ২। | ইংরেজি | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট নম্বর | ১১০ | | |

ব্যাখ্যা: সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় এবং তফসিল-৩ এ বর্ণিত সাঁটলিপি/কম্পিউটার যন্ত্রের মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৩

### [বিধি ২(২) দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি

| পদের নাম | সাঁটলিপি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে | | কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে | | প্রতি বিষয়ে সর্বমোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | | বাংলা পরীক্ষার সময় | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ইংরেজি | বাংলা | ইংরেজি | বাংলা | | | ইংরেজি শর্টহ্যান্ড | ইংরেজি টাইপিং | বাংলা শর্টহ্যান্ড | বাংলা টাইপিং |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ) | ৮০ শব্দ | ৫০ শব্দ | ৩০ শব্দ | ২৫ শব্দ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ১০ মিনিট | ৫ মিনিট | ১০ মিনিট |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ৩০ শব্দ | ২৫ শব্দ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ১০ মিনিট | ৫ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ৩০ শব্দ | ২৫ শব্দ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ১০ মিনিট | ৫ মিনিট | ১০ মিনিট |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | - | - | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৪০% | - | ১০ মিনিট | - | ১০ মিনিট |

**ব্যাখ্যা:** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

অফিস সহায়ক (উচ্চতর স্কেল) এবং অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ৫০ | |
| ১। | বাংলা | ১৫ | |
| ২। | ইংরেজি | ১৫ | ১ ঘণ্টা |
| ৩। | গণিত | ১০ | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | |
| | সর্বমোট নম্বর | ৬০ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শুভাশীষ বসু**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd